

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বারহাট্টা, নেত্রকোণা।


আদেশ

যেহেতু আগামী ০১.১১.২০১৭ খ্রিঃ তারিখ হতে বারহাট্টা উপজেলাধীন বারহাট্টা সি কে পি পাইলট উচ্চ বিদ্যালয়, বারহাট্টা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়, বারহাট্টা ডিগ্রী কলেজ এবং বাউসী অর্ধচন্দ্র উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, রূপগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয় এবং বারহাট্টা এ কে খান দাখিল মাদরাসা, বারহাট্টা পরীক্ষা কেন্দ্র ও ভেন্যুসমূহে ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট(জেএসসি) পরীক্ষা ও জুনিয়র দাখিল সার্টিফিকেট( জেডিসি) পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হবে এবং

যেহেতু উক্ত পরীক্ষা কেন্দ্র ও ভেন্যুসমূহে আইন-শৃংখলা ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং পরীক্ষা কেন্দ্রের পরীক্ষার্থী, পরীক্ষা কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত পরীক্ষক এবং পরিদর্শকদের নিরাপত্তা বিধান নিশ্চিত করা অপরিহার্য।

সেহেতু আমি ফরিদা ইয়াসমিন, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট, বারহাট্টা, নেত্রকোণা ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার বিধানমতে পরীক্ষা চলাকালীন দিনগুলোতে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত পরীক্ষা কেন্দ্র ও ভেন্যুসমূহের চারিপার্শ্বে ২০০ গজ ব্যাসার্ধের মধ্যে পরীক্ষা পরিচালনা কর্তৃপক্ষ, পরীক্ষা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ব্যক্তিবর্গ এবং পরীক্ষার্থী ব্যতীত পাঁচ বা ততোধিক ব্যক্তির সমাবেশ, শোভাযাত্রা, চলাফেরা, মাইকিং, লাঠিসোটা ও অস্ত্রশস্ত্র বহন এবং শান্তি-শৃংখলা ভঙ্গকারী কার্যকলাপ নিষিদ্ধ ঘোষণা করছি।

এই আদেশ জনস্বার্থে অদ্য ৩০.১০.২০১৭ খ্রিঃ তারিখ আমার স্বাক্ষর ও সীলমোহরে জারী করা হলো।

  
(ফরিদা ইয়াসমিন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট


বারহাট্টা, নেত্রকোণা।

তারিখ : ৩০ অক্টোবর ২০১৭ খ্রিঃ।

স্মারক নং : ০৫.৪৫.৭২০৯.০০০.৪০.০০২.১৭. ৭০৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ০১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ০২। পুলিশ সুপার, নেত্রকোণা।
- ০৩। অফিসার-ইন-চার্জ, বারহাট্টা থানা, বারহাট্টা। তাঁকে ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার প্রতিপালন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। কেন্দ্র সচিব, বারহাট্টা সি কে পি পাইলট উচ্চ বিদ্যালয়/বাউসী অর্ধচন্দ্র উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ বারহাট্টা এ কে খান দাখিল মাদরাসা, পরীক্ষা কেন্দ্র, বারহাট্টা। তাঁকে ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার আদেশ পরীক্ষা কেন্দ্র ও ভেন্যুসমূহের আশেপাশে মাইক যোগে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। অফিস কপি।

  
উপজেলা নির্বাহী অফিসার  
বারহাট্টা, নেত্রকোণা।